দৈনিক
ইত্তেফাক

তারিখ ~~12 NOV 2016~~
পৃষ্ঠা 6 কলাম 2
11 NOV 2016

# এসএসসি পরীক্ষা ১২০০ নম্বরের পরিবর্তে ১১০০ নম্বর করা হোক

বর্তমানে মাধ্যমিক স্তরের শিক্ষা পদ্ধতি সৃজনশীল। এ পদ্ধতিতে মুখস্তবিদ্যার পরিবর্তে বাস্তবভিত্তিক শিক্ষা গ্রহণ করার কথা। নোট বা গাইড বই ব্যবহার করার কথা নয় এবং কোচিং-এও পড়ার কথা নয়। কিন্তু বাস্তবতা হচ্ছে পাঠ্যবইগুলো সৃজনশীল পদ্ধতি অনুসারে লেখা হয়নি। আবার বইগুলো বোঝার উপযোগী করেও লেখা নয়। ফলে শিক্ষার্থীরা বাধ্য হয়ে নোট কিনছে। দ্বিতীয়ত, পাঠ্য বিষয়ের সিলেবাস অনেক ব্যাপক। ফলে শিক্ষার্থীদের ওপর প্রচুর চাপ সৃষ্টি হচ্ছে। আগে এসএসসি পরীক্ষায় ১০০ নম্বরের ১০টি (মোট ১০০০ নম্বরের) পরীক্ষা দিতে হতো। বর্তমানে ১০০ নম্বরের ১১টি ও ৫০ নম্বরের ২টি (মোট ১২০০ নম্বরের)সহ মোট ১৩টি পরীক্ষা দিতে হয়। বিজ্ঞান শাখার জন্য ৩টি নতুন বিষয় সামাজিক বিজ্ঞান (১০০ নম্বর), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (৫০ নম্বর) এবং ক্যারিয়ার শিক্ষা (৫০ নম্বর) যোগ করা হয়েছে। লক্ষণীয় যে, তিনটি বিষয়ের জন্য কিন্তু স্কুলের সময় বাড়ানো হয়নি। এজন্য আগের বিষয়গুলোর ক্লাস কমিয়ে দেওয়া হয়েছে। সুতরাং বিজ্ঞান শাখার বিষয়গুলোর সিলেবাস